# ব্রি গুটি ইউরিয়া প্রয়োগ যন্ত্র

**অল্প পরিশ্রম ও সময় বাচানোর জন্য গুটি ইউরিয়া প্রয়োগ যন্ত্র**



## ব্রি গুটি ইউরিয়া প্রয়োগ যন্ত্র পরিচিতি

ব্রি গুটি ইউরিয়া প্রয়োগ যন্ত্রটি একটি হস্ত চালিত যন্ত্র যার সাহায্যে একজন শ্রমিক সহজেই সারিবদ্ধ ভাবে জমিতে গুটি ইউরিয়া প্রয়োগ করতে পারে। এক সাথে দুই সারিতে গুটি ইউরিয়া প্রয়োগ করা যায় বিধায় যন্ত্রের কার্যকারিতা অনেক বেশি। বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের খামার যন্ত্রপাতি ও ফলনোত্তর বিভাগ ২০০৯ সালে ব্রি গুটি ইউরিয়া প্রয়োগ যন্ত্রটি উদ্ভাবন করেছে ।



ব্রি গুটি ইউরিয়া প্রয়োগ যন্ত্র

## ব্রি গুটি ইউরিয়া প্রয়োগ যন্ত্রের প্রয়োজনীয়তা

মাটির ৬-৮ সেমি নিচে গুটি ইউরিয়া সার প্রয়োগ করে ইউরিয়া সারের কার্যকারিতা প্রায় ৪০ হতে ৭০ শতাংশ উন্নতি করা সম্ভব। কিন্তু গুটি ইউরিয়া সঠিক নিয়মে জমিতে প্রয়োগে করা অত্যান্ত কষ্টসাধ্য ও অধিক শ্রমিক নির্ভর হওয়ায় কৃষক তা ব্যবহার করতে আগ্রহী নয়। তাছাড়া যন্ত্রটি দিয়ে ঘন্টায় এক বিঘায় অধিক জমিতে গুটি ইউরিয়া প্রয়োগ করা সম্ভব যেকানে প্রচলিত পদ্ধতিতে একজন শ্রমিক সারাদিন ৩০-৩৫ শতাংশ জমিতে গুটি ইউরিয়া প্রয়োগ করতে পারে। সুতরাং যন্ত্রটির মাধ্যমে অল্প শ্রমে ও সময়ে অধিক জমিতে গুটি ইউরিয়া প্রয়োগ করা যায়।

**ব্যবহার:** সারিতে রোপা অথবা ড্রাম সীডারে বোনা জমিতে গুটি ইউরিয়া প্রয়োগ করা যায়।

## প্রধান বৈশিষ্ট্যসমূহ:

- তৈরির উপাদান : ধাতব পাইপ. ধাতব পাত, প্লাষ্টিক হপার, লৌহবার, লৌহদণ্ড, স্প্রীং ইত্যাদি।
- চালিকা শক্তি : মানব শ্রম
- কার্য ক্ষমতা : ঘন্টায় প্রায় এক বিঘা জমিতে গুটি ইউরিয়া প্রয়োগ

## খরচ ও লাভ:

- মূল্য : ৬,০০০ টাকা
- কার্যকরী জীবনকাল : ৫ বছর
- আনুমানিক ব্যবহার : প্রতি বছর ৬০ দিন
- আনুমানিক খরচ : প্রতি বিঘায় ৪০ টাকা
- লাভ : প্রতি বিঘায় ১৫০ টাকা
- মূলধন ফেরত পাওয়ার সময়: ৬০ দিন।



ব্রি গুটি ইউরিয়া প্রয়োগ যন্ত্র

## সুবিধা:

- যন্ত্রটি হালকা বিধায় অনেক সময় ধরে ব্যবহার করা যায়।
- হাতে গুটি ইউরিয়া ব্যবহার চেয়ে সাত ভাগের একভাগ সময় লাগে
- স্থানীয় ওয়ার্কশপে মেরামত করা যায়

## সীমাবদ্ধতা:

- শুধু সারিতে রোপণ বা ড্রাম সীডার বোনা জমিতে গুটি ইউরিয়া প্রয়োগ করা যাবে
- যন্ত্রটি চালানোর সময় জমিতে পানি থাকা দরকার
- চারা রোপণের পর হতে গুটি ইউরিয়া প্রয়োগ করার পূর্ব পর্যন্ত জমিতে পানি ধরে রাখতে হবে যাতে জমির মাটি শক্ত হয়ে না যায়।

## প্রাপ্তিস্থান

- ভাই ভাই ইঞ্জিনিয়ারিং ওয়ার্কশপ, শ্যামগঞ্জ বাজার নেত্রকোনা, মোবাইলঃ +৮৮-০১৭১-৩৫৪৭৭৪৮
- আলম ইঞ্জিনিয়ারিং ওয়ার্কশপ, ৪২/৪, ভজহরি সাহা স্ট্রীট, ওয়ারী, ঢাকা- ১১০০, মোবাইলঃ ০১৭১১-৩৫৬০৫৫

ব্রি
বাংলাদেশ ধান গবেষণা

আরো তথ্যের জন্য ঃ
পরিচালক (গবেষনা), ব্রি, গাজীপুর-১৭০১ ই-মেইলঃ dr@brri.gov.bd